



সফল ক্যারিয়ার কখনই সোনার হরিণ নয়। শতকরা ৯০ জন ক্যারিয়ারিস্ট জীবন শুরু করেছেন শূন্য থেকে। বংশ পরিচয় বা পারিবারিক খুঁটি নয়, গভীর আস্থা ও ঝুঁকি নেয়ার সাহস প্রত্যেককে শূন্য থেকে শুরু করতে অনুপ্রাণিত করেছে। আর নিরলস শ্রম ও সুবিবেচনাপ্রসূত সিদ্ধান্ত তাদেরকে ধাপে ধাপে এগিয়ে নিয়ে গেছে। সবার সফল সুখী ক্যারিয়ারের জন্যে তাদের সাফল্যের নেপথ্য রহস্যের আলোকেই সাজানো হয়েছে এ পরামর্শমালা। এ পরামর্শ অনুসরণ করলে সফল ক্যারিয়ার পরিণত হবে সফল কর্মজীবনে।

### আস্থা রাখুন- সাফল্য আপনার

জীবিকাকেই জীবন মনে করবেন না। জীবনধারণের জন্যে প্রয়োজনীয় অর্থ উপার্জনের একটি উৎস হচ্ছে জীবিকা।

পেশা হলো জীবন ও জীবিকার জন্যে অর্থ, পরিচিতি ও দক্ষতার সমন্বয়ে গঠিত একটি পদ বা দায়িত্ব।

পরিবার বা পরিস্থিতির প্রেক্ষিতে নয়, নিজ পছন্দ অনুসারে পেশা নির্বাচন করুন।

সন্তানকে নিজের পেশার উত্তরাধিকারী করবেন না। আপনার অর্জনকেও ছাড়িয়ে যাওয়ার স্বপ্ন তার মনে গেঁথে দিন।

কাজ্জিত পেশা তা-ই যেখানে আপনি মেধা, শ্রম ও সামর্থ্যকে কাজে লাগিয়ে সর্বোত্তম সেবা করার সুযোগ পান।

সৎ ও শ্রমবদ্ধ উপার্জনের উৎস হলে কোনো কাজকেই হেয় মনে করবেন না।

আপনি আনন্দ পান- এমন কাজে সচ্ছলভাবে চলার মতো উপার্জন হলে তা-ই কর্মজীবনের জন্যে বেছে নিন।

পেশা নির্বাচনের সিদ্ধান্ত নিতে প্রয়োজনে বিশেষজ্ঞের পরামর্শ গ্রহণ করুন।

দ্রুত অর্থ উপার্জনকে পেশার লক্ষ্য বানাবেন না। বানাতে পণ্যদ্রব্য ও দুর্বৃত্তায়নের চক্র আপনার বিনাশ ঘটাবে।

অর্থ উপার্জন যখন পেশার প্রথম ও প্রধান আকর্ষণ হয়, তখন পেশা সম্পর্কিত সমস্যা ও জটিলতাও বাড়তে থাকে।

পেশা-জীবনের লক্ষ্যকে বড় রাখুন। কিন্তু প্রথম পদক্ষেপ ক্ষুদ্র হলেও তা দিয়েই যাত্রা শুরু করুন।

আপনি যেমন হতে চান সেরকম কারো সঙ্গে সবসময় যোগাযোগ রাখুন, তার সাফল্যের সূত্রগুলো আয়ত্ত করুন।

যোগাযোগ যত বাড়ান তত তথ্যের দিক থেকে এগিয়ে থাকবেন, প্রয়োজনীয় আনুকূল্য লাভ করবেন।

কর্মসংস্থানের ব্যাপারে সবসময় আশাবাদী থাকুন। প্রয়োজনে অনুসন্ধানের প্রক্রিয়াকে শুধরে নিন, নতুন পরিকল্পনা করুন।

ভাষা ও প্রযুক্তিগত দক্ষতা অর্জন করুন। মাতৃভাষার পাশাপাশি আন্তর্জাতিকভাবে ব্যবহৃত দুয়েকটি ভাষাও আয়ত্ত করুন।

পেশার সাথে সম্পর্কিত দক্ষতা-যোগ্যতা বাড়তে সচেষ্ট হোন। পেশার ব্যবহারিক জ্ঞানই পেশায় সাফল্য আনে।

সবসময় মনে রাখুন, চেহারা বা বংশ পরিচয় নয়, কর্মক্ষেত্রে আপনার দক্ষতা-যোগ্যতার গুরুত্ব সবচেয়ে বেশি।

পেশাগত সাফল্যে প্রাতিষ্ঠানিক শিক্ষাকে অপরিহার্য নয়, সহায়ক মনে করুন।

সুযোগ থাকলে শিক্ষাজীবনের সর্বোচ্চ ডিগ্রি/সার্টিফিকেট অর্জন করে তারপর পেশাগত জীবনে প্রবেশ করুন।

শিক্ষাজীবন শেষে প্রত্যাশা ও কর্মজীবনের বাস্তবতার মাঝে যোগসূত্র স্থাপন করুন।

চাকরি এবং ব্যবসা একসাথে করতে যাবেন না। পেশাগত জীবনে যেকোনো একটিতে সমস্ত মেধা, শ্রম, সময় ও মনোযোগ দিয়ে টেলে সাজান।

প্রতিষ্ঠানের প্রয়োজন অনুযায়ী নিজেকে সমর্থ করে তুলুন। প্রথমে দেখুন কী যোগ্যতা চাওয়া হয়েছে, তারপর নিজেকে বিশ্লেষণ করুন, কী কী আপনার রয়েছে এবং আর কী কী অর্জন করতে হবে।

আপনি প্রতিষ্ঠানের কাজের প্রয়োজন পূরণে সমর্থ- এমনভাবে নিয়োগকর্তার সামনে নিজেকে উপস্থাপন করুন।

কর্মজীবনের শুরুতেই প্রতিষ্ঠানের প্রথম সারিতে ঢোকার জন্যে বসে থাকবেন না। চাকরির প্রথম সুযোগ গ্রহণ করুন; পরবর্তী সুযোগ গ্রহণেও তৎপর হোন।

শিক্ষাজীবনের পরিবেশ কখনো কর্মজীবনে প্রত্যাশা করবেন না। বাস্তবতা মেনে নিয়ে প্রজ্ঞাপূর্ণ সিদ্ধান্ত নিন।

শুধু যোগ্যতা নয়, চাকরিতে পদোন্নতির জন্যে বস বা উর্ধ্বতনের সম্মতি ও অনুমোদনও আপনার প্রয়োজন।

বস বা প্রতিষ্ঠানের চাকরগিরি হচ্ছে চাকরি- এ বাস্তবতাকে মেনে নিলেই আপনি বসের প্রতি পরিপূর্ণ অনুগত হতে পারবেন, তার আনুকূল্য লাভ করবেন।

চাকরিতে সবসময় মনে রাখুন- ‘বস ইজ অলওয়েজ রাইট’। নীতিগত বিষয় ছাড়া অন্য সবক্ষেত্রে বসের সঙ্গে একমত থাকুন।

বসের ভুল ধরিয়ে দেবেন না। মনে মনেও এ নিয়ে কোনো চিন্তা করবেন না।

চাকরিতে নিজেকে কখনোই বিক্রি করবেন না। নীতিগত বিরোধে চাকরি পরিবর্তনেও মনে কোনো দ্বিধা রাখবেন না।

চাকরিতে নিয়োগকর্তা আপনাকে করণা বা শিক্ষা দিচ্ছেন না। আপনার শ্রম ও মেধার বিনিময়ে শুধুমাত্র মূল্য পরিশোধ করছেন।

আপনার শ্রমের যথাযথ মূল্যায়ন হবে- এমন প্রতিষ্ঠানেই তা বিক্রি করুন।

অন্য প্রতিষ্ঠানে বেশি সুযোগ-সুবিধা পেলে প্রথম সুযোগেই বর্তমান চাকরি ছেড়ে দিন।

শ্রমের ন্যায্য বিক্রয়মূল্য ঠিক করতে কখনোই সঙ্কোচ করবেন না। প্রয়োজনে অন্যান্য প্রতিষ্ঠানে এ জাতীয় কাজের পারিশ্রমিক সম্পর্কে খোঁজ নিন।

বেতন বা পারিশ্রমিকের পরিমাণ প্রথমে প্রতিষ্ঠানের কাছ থেকে শুনুন। তারপর আপনার চাহিদার কথা বলুন।

কাজ্জিত বেতনের পরিমাণ জানতে চাইলে নির্দিষ্ট অংকেই তা বলুন।

যুক্তিসঙ্গত প্রশংসাকে তোষামোদ বা চট্টকারিতার সাথে মেলাবেন না। বস ও সহকর্মীকে তার যোগ্যতা ও গুণাবলির ভিত্তিতেই বাস্তবসম্মত প্রশংসা করুন।

কেরানি মানসিকতায় ভুগবেন না। ব্যবস্থাপকীয় দৃষ্টিভঙ্গি লালন করুন।

নেতৃত্বের গুণগুলো অর্জন করুন। আপনি দক্ষ ব্যবস্থাপক হতে পারবেন।

নিয়োগকারী প্রতিষ্ঠানের কাছে চাকরির ধরন বুঝে আপনার ব্যক্তিত্বের ভালো দিকগুলো বলুন। অপ্রাসঙ্গিক দুর্বল দিকগুলোকে সম্ভাবনা হিসেবে তুলে ধরুন।

দায়িত্ব নিতে পিছপা হবেন না। যত বড় দায়িত্ব নেবেন তত বড় সুযোগ আপনার জন্যে তৈরি হবে।

দায়িত্ব সচেতন ও সতর্ক থাকুন। কোনো কোনো ক্ষেত্রে মেধার চেয়েও সচেতনতা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

আগের চাকরি ছেড়ে দেয়ার প্রসঙ্গে নেতিবাচক মন্তব্য না করে যুক্তিসঙ্গত ও নিরপেক্ষ কিছু কারণ বলুন।

সম্ভাবনামূলকভাবে কাজ করতে শিখুন। অন্যদের যোগ্যতা কাজে লাগিয়ে নিজের সীমাবদ্ধতাকে অতিক্রম করতে পারবেন।

আপনার কাজ দিয়ে কর্তৃপক্ষের নজর কাড়তে ব্যতিক্রমী গুণাবলি অর্জন করুন।

কারো সঙ্গে প্রথম পরিচয়েই থেমে থাকবেন না। নিজ উদ্যোগে আন্তরিক যোগাযোগ অব্যাহত রাখুন।

পেশা বা অপেশাভিত্তিক সজ্ঞ/স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত থাকুন। বিভিন্ন ধরনের মানুষের সাথে যোগাযোগ পেশাগত নতুন সম্ভাবনা সৃষ্টি করে।

নিজ পেশা ও পরিবারের মধ্যে সুসমন্বয় করুন। কোনো একটির প্রতি অবহেলা আপনাকে অনেক পিছিয়ে দেবে।

ভোগ-বিলাসের জন্যে ছুটলে আপনি পিছলে যাবেন। আর মানুষকে কিছু দেয়ার জন্যে কাজ করলে অমর হবেন।

কাজের প্রতি আন্তরিকতাই আপনার কর্মপরিচিতি এনে দেবে।

নিজের পেশাকে আগে নিজে শ্রদ্ধা করুন। পেশাজীবী হিসেবে তখন আপনিও সাফল্য ও সম্মান লাভ করবেন।

পেশার প্রতি মনোযোগ ও ভালবাসাই পেশাকে মিশনে রূপান্তরিত করে।



নতুন সহস্রাব্দের জীবন যাপনের বিজ্ঞান **কোয়ান্টাম মেথড** সম্পর্কে আরো জানতে হলে এবং প্রয়োজনীয় বই, স্মারক, সিডি, ক্যাসেট, কণিকা, বুলেটিন, ব্রোশিউর ও অন্যান্য প্রকাশনার জন্যে আপনার নিকটবর্তী সেন্টার/শাখা বা সেলে যোগাযোগ করুন

**কোয়ান্টাম ফাউন্ডেশন**  
কেন্দ্রীয় দফতর :

১১৯/পি শান্তিনগর (২য় তলা), ঢাকা-১২১৭।  
ফোন : ৯৩৪১৪৪১, ৮৩১৯৩৭৭, ০১৭১১-৬৭১৮৫৮  
চট্টগ্রাম : ০৩১-৬৫৩৬৮৮, ০১৭১১-৩৯৩০১০  
সিলেট : ০৮২১-৭১১৬১২, ০১৭১১-২৮০৬৫২  
রাজশাহী : ০৭২১-৭৭১৫৫০, ০১৭১১-১০৪২৮৯  
মিরপুর : ৮০৬১০৭৫, ০১৭১৭-১৪৪৭২৪  
স্বেচ্ছা রক্তদান কার্যক্রম ও কোয়ান্টাম ল্যাব :  
৮৩২২৯৮৭, ৯৩৫১৯৬৯, ০১৭১৪-০১০৮৬৯  
লামা সেন্টার II মেডিটেশন রিসর্চ ও শিশুকালন :  
০১৭১৪-০৯৪২৭১

E-Mail : info@quamfey.org  
Web Site : www.quantummethord.org

October 2007 ■ 01720-515825 ■ WINDOWS

# সফল ক্যারিয়ার

## ১

### দৃষ্টিভঙ্গি



## মহাজাতক